

# দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩, আত্মবাদ বা/এ, চট্টগ্রাম। ফোনঃ পিএবিএক্স-৭১৩৩৬৬-৯, ফ্যাক্স-৭১০১৮৩  
E-mail: info@chittagongchamber.com, website: www.chittagongchamber.com

বিজ্ঞপ্তি নং-২৭

২৮ মার্চ ২০১৭ ইং

সকল সদস্যের প্রতি :

জাতীয় রাজস্ব বোর্ড'র নিম্নোক্ত বিশেষ আদেশখানা সম্মানিত চেম্বার সদস্যদের অবগিতের জন্য সার্কুলার করা হলোঃ

স্বাক্ষরিত/-  
(প্রকৌ. মোঃ আলমগীর চৌধুরী)  
সেক্রেটারী ইন-চার্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা

বিশেষ আদেশ নং-১৯/২০১৭/কাস্টমস/১১৩

তারিখঃ ১৬/০৩/২০১৭ ইং

বিষয়ঃ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের ফেরতকৃত পণ্য চালান খালাস ও পুনঃরপ্তানিকরণ।

সূত্র :- ১) কাস্টম হাউস, চট্টগ্রামের পত্র নং-২৩৮৩/এপি/সেকশন-১/১৬-১৭/৩২৮২ কাস, তাং-১৫.০২.১৭  
২) মোংলা কাস্টম হাউসের পত্র নং-এস/৭২/এসপি-১/এ্যাঃ/মোংলা/১৬-১৭/১৩৬৫, তাং-২০.০২.১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের আলোকে The Customs Act, 1969 এর Section-21(b) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সবিহীন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের বহিঃবাংলাদেশ হতে ফেরতকৃত পণ্য চালানসমূহ নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে খালাস ও পুনঃরপ্তানির বিষয়ে অনাপত্তি প্রদান করছে :

- ন্যূনতম একজন সহকারী কমিশনারের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পণ্য চালানসমূহ ১০০% কায়িক পরীক্ষা করে পণ্যের পরিমাণ, ওজন, বর্ণনা, নিশ্চিত হয়ে খালাস ও পুনঃরপ্তানি কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- প্রযোজ্য শুদ্ধকরের (এআইটি ব্যতিত) সমপরিমাণ নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণ সাপেক্ষে পণ্য চালানসমূহ খালাস প্রদান করতে হবে;
- খালাসকালে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের অনাপত্তিপত্র দাখিল করতে হবে;
- পুনঃরপ্তানির পূর্বে বাংলাদেশ ব্যাংকের (প্রযোজ্য ক্ষেত্রে) অনাপত্তিপত্র দাখিল করতে হবে;
- খালাসকালে Valid নতুন অথবা বর্ধিত জাহাজীকরণ মেয়াদ সম্পন্ন রপ্তানি আদেশের কপি (লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে;
- পণ্য খালাসের পর হতে ০৬ (ছয়) মাসের মধ্যে পণ্য চালানসমূহ পুনঃরপ্তানি সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পুনঃরপ্তানি করতে ব্যর্থ হলে শুদ্ধ কর্তৃপক্ষ প্রযোজ্য শুদ্ধকর আদায়ের লক্ষ্যে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি নগদায়নসহ আইনানুগ শাস্তিভূমুক ব্যবস্থা গ্রহণ করবেন।

জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশক্রমে,

স্বাঃ  
(মুহাম্মদ ইমতিয়াজ হাসান)  
দ্বিতীয় সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড)

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৫.০১২.১৪/১১৩ (অনু-৫)

তারিখঃ ১৬/০৩/২০১৭ ইং